ইত্তেফাক

তারিখ ... 14/6/79 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 2 ...

38

## প্রতিভা পাচারে উদ্বেগ প্রকাশ

বিদেশে কারিগর, প্রকৌশলী, চিকিৎসক, নার্স ইত্যাদি প্রতিভা ও দক্ষ জনশক্তি, প্রেরণের প্রতিবাদ করিয়া ঢাকা কর্পোরেশনের কমিশনার আলহাজ্ব আবদুল মাজেদ সরদার একটি বিবৃতি দিয়াছেন। বিবৃতিতে বলা হয়, 'সভ্যতার স্থপতি মানুষ। বিশ্বের যে সব দেশ আজ ধনে মানে উন্নত, সে সব দেশের উন্নতির পিছনে রহিয়াছে প্রতিভার অবদান। নিছক অর্থোপার্জনের প্রেরণায় আজ বাংলাদেশ হইতে দক্ষ জনশক্তি ও প্রযুক্তিবিদ বিদেশে পাঠানো হইতেছে। ইহাতে কিছু নগদ অর্থ আয় হইতেছে সত্য, তবে প্রতিভার অবদান হইতে জাতি হইতেছে বঞ্চিত।' তিনি উহার প্রতিক্রিয়া সুদূরপ্রসারী ও ক্ষতিকর বলিয়া মন্তব্য করেন। তিনি সরকারকে এর পরিণতি সম্পর্কে সচেতন হওয়ার আহ্বান জানান। খবর প্রেস বিজ্ঞপ্তির।